



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউএসি আয়োজিত কর্মশালার উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৯ জানুয়ারি ২০২৫ খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে শুরু হয়েছে একটি কর্মশালা। ০৯ জানুয়ারি ২০২৫ তারিখ বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ কর্মশালার আয়োজন করা হয়। এদিন সকাল ১১:০০ টায় “Workshop on Writing Academic Transformation Fund (ATF) Sub-project proposal” শীর্ষক এ কর্মশালার উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শূচিতা শরমিন। আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. তাজিজুর রহমানের সভাপতিত্বে কর্মশালায় তথ্যজ্ঞ ব্যক্তি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ জসিম উদ্দীন। দিনব্যাপী আয়োজিত এ কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ৫২ জন শিক্ষক ও কর্মকর্তা অংশগ্রহণ করেন। হায়ার এডুকেশন এক্সিলারেশন এন্ড ট্রান্সফরমেশন (হিট) প্রজেক্টের আওতায় দেশের সকল সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে Academic Transformation Fund (ATF) মঞ্জুর করা হবে। এই ATF Sub-project proposal Writing- এ সহায়তা প্রদানের উদ্দেশ্যেই বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এ কর্মশালার আয়োজন করে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(মো. ফয়সল মাহমুদ)

উপ-পরিচালক

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়